অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/19/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

জনসাধারণের অ্যাক্সেস বৃদ্ধি এবং তথ্য এক ছাতার তলায় আনতে এবং ইউজারদের অভিজ্ঞতা উন্নত করার জন্য গভর্নর হোচুল নতুন কোভিড-19 ডেটা হাব ওয়েবসাইটের ঘোষণা করেছেন

***নতুন ওয়েবসাইট* থেকে সিঙ্গল কোভিড-*19* ডেটা অ্যাক্সেস পেজ পাওয়া যাবে**

স্বাস্থ্য সংক্রান্ত ডেটার উপলভ্যতা বৃদ্ধি NY, এক্সেলের মতো ডাউনলোড করা যায় এমন ফরম্যাটে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ইউজারদের নাগালের মধ্যে নিয়ে যাওয়া

নিউ ইয়র্ক স্টেটেক কোভিড-19 ডেটার জন্য গভর্নর ক্যাথি হোচুল আজ একটি নতুন সেন্ট্রালাইজড ওয়েবসাইটের ঘোষণা করেছেন। এই ওয়েবসাইটে নতুন ডেটা এবং আগে প্রকাশ করা ডেটাও রয়েছে, যা জনগণ সহজে অ্যাক্সেস করতে, পড়তে এবং বুঝতে পারেন। এছাড়া হেলথ ডেটা NY এর ব্যাপারে কোভিড-19 সংক্রান্ত আরও ডেটা উপলভ্য করা হচ্ছে ।

"জনসাধারণকে কোভিড-19 সংক্রান্ত নতুন ডেটা প্রদান এবং আগের ডেটাকে আরও নাগালের মধ্যে নিয়ে যাওয়ার মাধ্যমে আমরা স্বচ্ছতার দিকে আরও একটি বড় পদক্ষেপ নিতে পারি," **বলেছেন গভর্নর হোচুল।** "এই মহামারির সময়ে আমরা সর্বশেষ তথ্য জনগণের কাছে তুলে ধরতে আমাদের সাধ্যমতো সমস্ত চেষ্টা চালিয়ে যাব।"

নতুন ওয়েবসাইটে কোভিড-19 ড্যাশবোর্ডের জন্য একটি ল্যান্ডিং পেজ তৈরি করা হয়েছে, যা সহজে অ্যাক্সেস করা যায়, এর জন্য বিভিন্ন প্ল্যাটফর্ম পেরিয়ে ড্যাশবোর্ডে যাওয়ার প্রয়োজন নেই। নতুন ডেটা হোমপেজ থেকে 16টি গুরুত্বপূর্ণ ডেটা পেজে লিঙ্ক করা হয়েছে, যা পাঁচটি মূল ক্যাটেগরিতে ভাগ করা হয়েছে। এছাড়া স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে অনেক ড্যাশবোর্ড রিটুল করা হয়েছে যা মহামারির প্রথম দিকে তৈরি করা হয়েছিল বর্তমান পরিপ্রেক্ষিতে আরও সহজে এবং বোধগম্যভাবে জনসাধারণের কাছে তথ্য তুলে ধরতে।এছাড়া স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে অনেক ড্যাশবোর্ড রিটুল করা হয়েছে যা মহামারির প্রথম দিকে তৈরি করা হয়েছিল বর্তমান পরিপ্রেক্ষিতে আরও সহজে এবং বোধগম্যভাবে জনসাধারণের কাছে তথ্য তুলে এছাড়া স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে অনেক ড্যাশবোর্ড রিটুল করা হয়েছে যা মহামারির প্রথম দিকে তৈরি করা হয়েছিল বর্তমান পরিপ্রেক্ষিতে আরও সহজে এবং বোধগম্যভাবে জনসাধারণের কাছে তথ্য তুলে ধরতে।ধরতে।

ড্যাশবোর্ড আপডেটের সারাংশ

নতুন কোভিড-19 টেস্টিং ড্যাশবোর্ডের ব্যাপারে:

- সামগ্রিক কেসের ম্যাপের জায়গায় পরিবর্তন করে দুটি নতুন বিকল্প রাখা হয়েছে –100k প্রতি কেস, 7-দিনের গড় এবং টেস্ট % পজিটিভ, 7-দিনের গড়। এই কারণে সহজে তথ্য তুলে ধরা যায় এবং কাউন্টির সাথে সহজে তুলনা করা যায়। কাউন্টির সামগ্রিক পরীক্ষা করার সংখ্যা সরিয়ে দেওয়া হয়েছে এবং এবার আরও বিশদের জন্য কাউন্টি অনুযায়ী ক্লিক করলে সেটি পাওয়া যাবে। সামগ্রিক ডেটা এবং লেবেল স্বচ্ছতার জন্য একটু পরিবর্তন করা হয়েছে, অন্যান্য তথ্যের পাশাপাশি সাম্প্রতিক ডেটায় গুরুত্ব দেওয়া হয়েছে।

- এবার "টেবল ভিউ" তথ্য ম্যাপে এবং "অঞ্চল এবং কাউন্টি অনুযায়ী দীর্ঘ সময় ধরে পজিটিভ পরীক্ষা" পেজে পাওয়া যাবে। কাউন্টির সামগ্রিক পজিটিভিটি রেট সরিয়ে দেওয়া হলেও, এটি এখনও সামগ্রিক পজিটিভ / সামগ্রিক পরীক্ষার হিসাব অনুযায়ী জানা যাবে, যা ম্যাপে আছে।

- এবার "প্রত্যেকদিনের ট্রেন্ড" গ্রাফটি রয়েছে "অঞ্চল, কাউন্টি অনুযায়ী সময় ক্রমে পজিটিভ টেস্টের" ড্যাশবোর্ডে। এছাড়া "কাউন্টি অনুযায়ী পজিটিভ ফলাফলের" ড্যাশবোর্ডে এবং "অঞ্চল অনুযায়ী পজিটিভ রেজাল্টের পার্সেন্টেজের" ড্যাশবোর্ডকে একটি ড্যাশবোর্ডে পরিণত করা হয়েছে, যেখানে আঞ্চলিক এবং কাউন্টি, উভয় লেভেলে এই তথ্য দেখানো হচ্ছে। আগে কোভিড-19 এর ড্যাশবোর্ডের ডানদিকে নিচে থাকা বোতামের মাধ্যমে মৃত্যুর সংখ্যা লিঙ্ক করা হত, এখন সেটি নিজেদের পেজে রয়েছে।

- মৃত্যুর সংখ্যা পেজে আগে একই ডেটা থাকত, এখন সেটি আরও ভালোভাবে পেশ করার জন্য ছড়িয়ে দেওয়া হয়েছে। এছাড়া নার্সিংহোম এবং অ্যাডাল্ট কেয়ার ফেসিলিটি ফেটালিটি পিডিএফ একটি দীর্ঘমেয়াদী ফেটালিটি সেকশনে অধীনে আনা হয়েছে।

আগের তৈরি কোভিড-19 সতর্কতামূলক মনিটরিং ড্যাশবোর্ড সরিয়ে দেওয়া হয়েছে কারণ এটি আঞ্চলিক রিওপেনিংয়ের জন্য তৈরি করা হয়েছিল সেই মেট্রিকগুলি এখন আর প্রাসঙ্গিক নয়। 100k প্রতি কেস এবার কোভিড-19 টেস্টিং ড্যাশবোর্ডে পাওয়া যাবে এবং হাসপাতালে ভর্তি সংক্রান্ত বিশদ তথ্য এবার হেলথ ডেটা NY-তে পাওয়া যাবে।

ডেটাসেটের আপডেটের সারাংশ

ড্যাশবোর্ড ছাড়াও এখন হেলথ ডেটা NY তে অতিরিক্ত ডেটাসেট পাওয়া যাবে, যেটি এমন একটি পাবলিক ডেটাবেস, যা ইউজারদেরকে এক্সেলের মতো ডাউনলোডেবল ফরম্যাটের বিকল্প সহ স্বাস্থ্য সংক্রান্ত তথ্য অ্যাক্সেস করার সুযোগ দেয়। হেলথ ডেটা NY তে এবার কোভিড-19 স্কুল রিপোর্ট, নার্সিং হোম এবং অ্যাডাল্ট কেয়ার ফেসিলিটি ডেটা, জেন্ডার এবং জিপ কোড অনুযায়ী হাসপাতালে ভর্তি, হাসাপাতালের ক্ষমতা এবং স্টাফ ভ্যাকসিনেশনের সংখ্যা থেকেও সেল্ফ-রিপোর্ট করা ডেটা থাকবে।

হেলথ ডেটা NY এর অতিরিক্ত বিশদের সম্পূর্ণ লিস্ট:

- স্কুল: সমস্ত চারটি ডেটাসেটের মধ্যে পজিটিভ শিক্ষার্থীর সংখ্যা, স্বতন্ত্র স্কুলের মাধ্যমে শিক্ষক এবং স্টাফদের ডেইলি রিপোর্ট এবং প্রতিটি স্কুলে অনুষ্ঠিত ডায়গনস্টিক টেস্ট এবং স্ক্রিনিংয়ের সংখ্যাও থাকবে।
  - নিউ ইয়র্ক স্টেট স্টেটওয়াইড স্কুল কোভিড-19 রিপোর্ট কার্ড BOCES ডেটা; 2021-2022
  - নিউ ইয়র্ক স্টেট স্টেটওয়াইড স্কুল কোভিড-19 রিপোর্ট কার্ড প্রাইভেট স্কুলের ডেটা; 2021-2022
  - নিউ ইয়র্ক স্টেট স্টেটওয়াইড স্কুল কোভিড-19 রিপোর্ট কার্ড চার্টার স্কুল ডেটা; 2021-2022
  - নিউ ইয়র্ক স্টেট স্টেটওয়াইড স্কুল কোভিড-19 রিপোর্ট কার্ড পাবলিক স্কুল ডেটা; 2021-2022
- নার্সিং হোম/ACFs: নিশ্চিত হওয়া মৃত্যুর সংখ্যা সহযোগে কোভিড-19 সন্দেহে মৃত্যু এবং নিশ্চিত কোভিড-19 এর কারণে নার্সিং হোমে মৃত্যুর সম্মিলিত সংখ্যা সহ – নার্সিং হোমের পিডিএফের মতো একই তথ্য জনসাধারণের জন্য উপলভ্য করা হয়েছে
  - নিউ ইয়র্ক স্টেট স্টেটওয়াইড কোভিড-19 নার্সিংহোম এবং অ্যাডাল্ট কেয়ার ফেসিলিটিতে মৃত্যু।
- ভ্যাকসিন সম্পূর্ণ করা: প্রতিদিনের ভ্যাকসিনের সামগ্রিক ডোজ এবং কাউন্টি অনুযায়ী উপলভ্য ভ্যাকসিনের সিরিজ সম্পূর্ণ করা
  - নিউ ইয়র্ক স্টেট স্টেটওয়াইড কোভিড-19 ভ্যাকসিনেশন ডেটা কাউন্টি অনুযায়ী

হাসপাতাল:

- হসপিটাল ইলেক্ট্রনিক রেসপন্স ডেটা সিস্টেম (HERDS) হসপিটাল সার্ভে কোভিড-19 অ্যাডমিশন জেন্ডার অনুযায়ী – দিন অনুযায়ী স্টেট ব্যাপী
- হসপিটাল ইলেক্ট্রনিক রেসপন্স ডেটা সিস্টেম (HERDS) হসপিটাল সার্ভে কোভিড-19 অ্যাডমিশন জিপ কোড অনুযায়ী- দিন অনুযায়ী স্টেট ব্যাপী
- হসপিটাল ইলেক্ট্রনিক রেসপন্স ডেটা সিস্টেম (HERDS) হসপিটাল সার্ভে কোভিড-19 হসপিটালাইজেশন এবং বেড 3/26/2020 তারিখ থেকে দিন অনুযায়ী মৃত্যু:
  - বর্তমানে হাসপাতালে ভর্তি রোগী, নতুন করে ভর্তি করা হয়েছে, ভর্তির পর যারা পজিটিভ, ডিসচার্জ করা হয়েছে, বর্তমানে আইসিইউতে আছে, আইসিইউতে আছে এবং ইনটিউবেটেড, মৃত, সামগ্রিক ডিসচার্জ, সামগ্রিক মৃত্যু
  - মোট স্টাফড বেড/উপলভ্য বেড/দখলে থাকা বেড, মোট স্টাফড ICU বেড/উপলভ্য বেড/দখলে থাকা বেড{2
  - মোট নতুন অ্যাডমিশন রিপোর্ট করা হয়েছে এবং বয়সের গ্রুপ অনুযায়ী বর্তমানে অ্যাডমিশন
- ভ্যাকসিন নেওয়া হাসপাতালের স্টাফ – মোট কর্মী সংখ্যা, আংশিকভাবে ভ্যাকসিন নেওয়াদের সংখ্যা

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন